## পরিবেশ অধিদপ্তর বাংলাদেশের প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ইসিএ)

ভূপ্রাকৃতিক অনুকূল অবস্থার কারণে বাংলাদেশ জীববৈচিত্র্যে সমৃদ্ধ। কিন্তু অপরিণামদর্শী কর্মকান্ডের ফলে দেশের প্রতিবেশ ও জীববৈচিত্র্য নানান ধরনের ক্ষতির সম্মুখীন। ইতোমধ্যে দেশের অনেক গুরুত্বপূর্ণ প্রতিবেশের মারাত্মক ক্ষতি হয়ে গিয়েছে। এর ফলে দেশের জীববৈচিত্র্য ক্ষতিগ্রস্ত হয়েছে এবং কোনো কোনো প্রতিবেশের উৎপাদনশীলতাও কমে গিয়েছে। দেশের গুরুত্বপূর্ণ প্রতিবেশ ও জীববৈচিত্র্য সুরক্ষা এবং প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণ ও পরিবেশগত মানোন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সর্বশেষ সংশোধিত ২০১০) অনুসারে বিভিন্ন সময়ে কিছু এলাকাকে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (Ecologically Critical Area-ECA/ইসিএ) হিসেবে ঘোষণা করা হয়েছে। এ-পর্যন্ত দেশের ১৩টি এলাকাকে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ঘোষণা করা হয়েছে।

ক্রমিক	ইসিএ-র নাম	প্রতিবেশের ধরন	<u> </u>		ঘোষণার
			জেলা	উপজেলা	বছর
٥	সুন্দরবন	সুন্দরবন রিজার্ভ ফরেস্টের চতুর্দিকে ১০ কিমি বিস্তৃত এলাকা	সাতক্ষিরা	আশাশুনি	১৯৯৯
			বাগেরহাট	মংলা	
				মোড়েলগঞ্জ	
				রামপাল	
				শরনখোলা	
			খুলনা	দাকোপ	
				কয়রা	
				পাইকগাছা	
			পিরোজপুর	মঠবাড়িয়া	
			বরগুনা জেলা	পাথরঘাটা	
<b>২</b>	কক্সবাজার-টেকনাফ	গ্রাম, কৃষিজমি, পাহাড়, জঞ্চাল, বনভূমি,	কক্সবাজার	কক্সবাজার সদর	১৯৯৯
	সমুদ্র সৈকত	সমুদ্রসৈকত, খাড়ি, বালিয়াড়ি, ম্যানগ্রোভ ও উপকূলীয় জলাভূমিসহ উপকূলীয় এলাকা		রামু	
				উখিয়া	
				টেকনাফ	
৩	সেন্টমাটিন দ্বীপ	বালিয়াড়ি, পাথরময় জোয়ার-ভাটা	কক্সবাজার	টেকনাফ	১৯৯৯
		অঞ্চল,উপকূলীয় জলাভূমি ও কোরালসহ			
		সামুদ্রিক দ্বীপ			
8	সোনাদিয়া দ্বীপ	ম্যানগ্রোভ, খাড়ি ও বালিয়াড়িসহ উপকূলীয় দ্বীপ		মহেশখালী	১৯৯৯
¢	হাকালুকি হাওর	হাওর এলাকা	সিলেট	ফেঞ্চুগঞ্জ	১৯৯৯
				গোলাপগঞ্জ	
			মৌলভীবাজার	কুলাউড়া	
				জুড়ি	
				বড়লেখা	
৬	টাঙ্গুয়ার হাওর	হাওর এলাকা	সুনামগঞ্জ	তাহিরপুর	১৯৯৯
				ধর্মপাশা	
٩	মারজাত বাওড়	অশ্বখুরাকৃতি হ্রদ	ঝিনাইদহ	কালিগঞ্জ	১৯৯৯
b	গুলশান-বারিধারা	নগর-জলাভূমি	ঢাকা	ঢাকা মহানগর	২০০১
	লেক				
৯	বুড়িগঙ্গা নদী	নদী	ঢাকা মহানগরের		২০০৯
			পাশে		
20	তুরাগ নদী	নদী	ঢাকা মহানগরের		২০০৯
			পাশে		
22	বালু নদী	নদী	ঢাকা মহানগরের		২০০৯
			পাশে		
25	শীতলক্ষ্যা নদী	নদী	ঢাকা ও নারায়ণগঞ্জ		২০০৯
			মহানগরের পাশে		
20	জাফলং-ডাউকি নদী	উভয় তীরে ৫০০ মিটার প্রস্থের এলাকা ও	সিলেট	গোয়াইনঘাট	২০১৫
		খাসিয়াপুঞ্জিসহ পাহাড় থেকে নেমে আসা নদী			

## ইসিএ-তে নিম্নবর্ণিত কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে:

- (১) প্রাকৃতিক বন ও গাছপালা কর্তন বা আহরণ;
- (২) সকল প্রকার শিকার ও বন্যপ্রাণী হত্যা;
- (৩) ঝিনুক, কোরাল, কচ্ছপ ও অন্যান্য বন্যপ্রাণী ধরা বা সংগ্রহ;
- (৪) প্রাণী ও উদ্ভিদের আবাসস্থল ধবংসকারী সকল প্রকার কার্যকলাপ;
- (৫) ভূমি এবং পানির প্রাকৃতিক বৈশিষ্ট্য নষ্ট/পরিবর্তন করতে পারে এমন সকল কাজ;
- (৬) মাটি, পানি, বায়ু এবং শব্দ দৃষণকারী শিল্প বা প্রতিষ্ঠান স্থাপন;
- (৭) মাছ এবং অন্যান্য জলজ প্রাণীর ক্ষতিকারক যে কোনো প্রকার কার্যাবলী;
- (৮) নদী-জলাশয়-লেক-জলাভূমিতে বসতবাড়ি, শিল্পপ্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠানের পয়ঃপ্রণালীসৃষ্ট বর্জ্য ও তরল বর্জ্য নির্গমন এবং কঠিন বর্জ্য অপসারণ:
- (৯) যান্ত্রিক বা ম্যানুয়াল বা অন্য কোনো পদ্ধতিতে পাথরসহ অন্য যে কোনো খনিজসম্পদ আহরণ।